

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে
শান্তি প্যাগোডার
ভিত্তিপ্রস্তর স্থাপন

চট্টগ্রাম অফিস ॥ চট্টগ্রাম বিশ্ব-বিদ্যালয় সংলগ্ন সংস্রাজ ভিক্ষু-মহামণ্ডল পরিচালিত বিশ্ব শান্তি প্যাগোডার ভিত্তিপ্রস্তর স্থাপন উপলক্ষে গত ২৯ শে জুন এক আলোচনা সভায় চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর আবদুল মান্নান বলেন, আমরা একটি শতাব্দী অতিক্রম করিয়া আরেকটি নতুন শতাব্দীর দ্বারপ্রান্তে। বহু সংঘাত যুদ্ধ বিগ্রহ এবং ঘটনাপ্রবাহের মধ্য দিয়া এই শতাব্দী অতিক্রান্ত হইলেও শান্তির অনুেষায় মানুষের সাফল্যও কম নয়। এতদসঙ্গেও শান্তির পথ আমাদের নিকট হইতে অনেক দূরে। শান্তি প্যাগোডা বিশ্ববিদ্যালয় এলাকায় শান্তি প্রতিষ্ঠায় গুরুত্বপূর্ণ অবদান রাখিবে বলিয়া তিনি উল্লেখ করেন। সংস্রাজ ভদ্র শীলালংকার মহাশয়ের সভাপতিত্বে আলোচনা সভায় অন্যান্যের মধ্যে অংশ নেন চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রোভিসি ডঃ আবুইউসুফ, বাংলাদেশ বৌদ্ধ সমিতির চেয়ারম্যান রাব্বাল চন্দ্র বড়ুয়া, প্রক্টর এম এ গফুর প্রমুখ।